

আপনার অধিকার জানুন: মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধির চিকিৎসা গ্রহণ

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস (DFS) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (DOH) নতুন নিয়ম জারি করেছে যা স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ প্রতিষ্ঠান (HMO-গুলি) সহ স্বাস্থ্য বীমা প্রদানকারীদের, মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধির জন্য চিকিৎসার প্রয়োজন হলে অবশ্যই অনুসরণ করতে হবে।

এই নিয়মগুলি নিউ ইয়র্ক আইনের আওতাধীন ব্যক্তিগত এবং গ্রুপগত স্বাস্থ্য বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ মার্কেটপ্লেসের মাধ্যমে কেনা পলিসিও অন্তর্ভুক্ত। এই নিয়মগুলি স্ব-অর্থায়িত এমপ্লয়ি রিটায়ারমেন্ট ইনকাম সেকিউরিটি অ্যাক্ট (ERISA) অনুসারী নিয়োগকর্তার পরিকল্পনাগুলির ক্ষেত্রে প্রযোজ্য নয়। 1 জুলাই, 2025 তারিখ থেকে Medicaid ম্যানেজড কেয়ার, এসেনশিয়াল গ্ল্যান এবং চাইল্ড হেলথ প্লাস কভারেজের জন্য নিয়মগুলি কার্যকর হবে। অন্যান্য সমস্ত বীমা পলিসির ক্ষেত্রে, 1 জুলাই, 2025 তারিখে বা তার পরে আপনি যখন কোনো বীমা পলিসি নবায়ন করবেন বা কিনবেন তখন এই নিয়মগুলি পালানক্রমে কার্যকর হবে।

যদি আপনার মেডিকেশার থাকে, তাহলে বিভিন্ন নিয়ম প্রযোজ্য হবে। (800)-MEDICARE নম্বরে কল করে সেন্টার ফর মেডিকেশার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেস (CMS) এর সাথে যোগাযোগ করুন, অথবা (800) 333-4114 অথবা www.medicarerights.org নম্বরে কল করে মেডিকেশার রাইটস সেন্টারের সাথে যোগাযোগ করুন।

নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত অ্যাপয়েন্টমেন্টসমূহ

নিম্নলিখিত সময়সীমার মধ্যে বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধি থাকা ব্যক্তির দেখভাল করতে আপনার একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে দেখা করার অধিকার রয়েছে। টেলিহেলথ অ্যাপয়েন্টমেন্টের পরিবর্তে আপনার মুখোমুখি অ্যাপয়েন্টমেন্টের অনুরোধ করার অধিকারও রয়েছে।

10 কর্মদিবস। একজন স্বাস্থ্যসেবা পেশাদার বা সুবিধায়নকারীর সাথে প্রথম অ্যাপয়েন্টমেন্ট

7 ক্যালেন্ডার দিবস। হাসপাতাল বা আপদকালীন পরিষেবা কক্ষ থেকে ছাড়া পাওয়ার পর একটি ফলো-আপ অ্যাপয়েন্টমেন্ট

যে যে পরিষেবাগুলি কভার করা আছে তার তালিকা জানার জন্য আপনার স্বাস্থ্য বীমা পলিসি যাচাই করে দেখুন।

মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধি থাকা ব্যক্তির জন্য স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পাওয়ার জন্য সহায়তা নিন

বীমাকারীদের অবশ্যই একনিষ্ঠ কর্মী থাকতে হবে যারা আপনাকে নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পেতে সাহায্য করতে পারে। টেলিফোন নম্বর সহ এই কর্মীদের সাথে সরাসরি কীভাবে যোগাযোগ করবেন সে সম্পর্কে তথ্য আপনার বীমাকারীর ওয়েবসাইটে পাওয়া উচিত।

আপনি টেলিফোন বা ইমেলের মাধ্যমে, যেভাবেই যোগাযোগ করুন না কেন, আপনার বীমাকারীকে অবশ্যই আপনার অনুরোধের **3 কর্মদিবস**-এর মধ্যে উপলব্ধ নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের একটি তালিকা সরবরাহ করতে হবে।

আপনি যদি নিজে নিজেই নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীর বিকল্পগুলি অনুসন্ধান করতে চান, তাহলে আপনি আপনার বীমাকারীর পরিষেবা সরবরাহকারীদের ডাইরেক্টরির পর্যালোচনা করতে পারেন। পরিষেবা সরবরাহকারীদের ডাইরেক্টরিতে অবশ্যই স্বাস্থ্যসেবা প্রদানকারীর অবস্থান, প্রদত্ত পরিষেবা, টেলিহেলথ বিকল্প, যে ভাষাতে কথা বলেন, যে যে শারীরিক অবস্থার চিকিৎসা করেছেন বা যে যে বয়সের ব্যক্তিকে পরিষেবা দিয়েছেন এবং যে যে ফেসিলিটির সাথে সংশ্লিষ্ট আছেন তার জন্য যেকোনো বিধিনিষেধ আছে কিনা সে সম্পর্কিত তথ্য থাকতে হবে। যদি স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ফেসিলিটি হয়ে থাকে, তাহলে ডাইরেক্টরিতে অবশ্যই প্রদত্ত দেখভাল করার স্তর, যেমন ভর্তি থাকা রোগী, বহির্বিভাগীয় রোগী বা আংশিক সময়ের জন্য হাসপাতালে ভর্তি থাকার বিশদ বিবরণ প্রদান করতে হবে।

মানসিক স্বাস্থ্য বা মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধি বিষয়ক পরিষেবার জন্য নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীদের খুঁজে পাচ্ছেন না?

আপনি যদি কোনো নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে না পান যিনি প্রয়োজনীয় 7- বা 10-দিনের সময়সীমার মধ্যে আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য সময় নির্ধারণ করতে সক্ষম হবেন, তাহলে আপনার কোনো অতিরিক্ত খরচ ছাড়াই নেটওয়ার্ক-বহির্ভূত স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে দেখভাল করার জন্য অনুরোধ করার অধিকার রয়েছে। আপনি যা করতে পারেন:

1. **একটি অ্যাক্সেস দেওয়ার অভিযোগ দায়ের করুন** আপনার বীমাকারীকে কল করুন অথবা তাদের ওয়েবসাইটে যান এবং পরিষেবা প্রদানকারীর অ্যাক্সেস দেওয়া সম্পর্কে একটি অভিযোগ দায়ের করুন।
2. **একটি প্রতিক্রিয়া অর্জন করুন:** আপনার বীমাকারীকে 3 টি কর্মদিবসের মধ্যে একজন নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে বের করতে হবে যিনি আপনার নির্দিষ্ট অবস্থার চিকিৎসা করতে পারেন এবং যিনি আপনার থেকে যুক্তিসঙ্গত দূরত্বে থাকেন (যদি আপনি একটি মুখোমুখি অ্যাপয়েন্টমেন্ট চান)। আপনার বীমাকারী আপনার অভিযোগ গ্রহণ করার পরে, অ্যাপয়েন্টমেন্টের জন্য অপেক্ষমান থাকার সময় পুনরায় নির্ধারণ করা হয়। এর অর্থ হল আপনার বীমাকারীকে অবশ্যই আপনি বীমাকারীর সাথে যোগাযোগ করার 7-দিন বা 10-দিনের সময়সীমার মধ্যে আপনার সাথে দেখার জন্য একজন নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে বের করতে হবে।
3. **যদি একজন নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত পরিষেবা প্রদানকারী উপলব্ধ না থাকেন:** আপনার বীমাকারীকে অবশ্যই নেটওয়ার্ক-বহির্ভূত এমন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে রেফারেল অনুমোদন করতে হবে যারা উপরের প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন এবং অতিরিক্ত বা অযৌক্তিক হারে চার্জ ধার্য করেন না।

নিজের পকেট থেকে করা খরচ

নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত অ্যাপয়েন্টমেন্টগুলির ক্ষেত্রে, আপনার নিজের পকেট থেকে করা খরচের ব্যাপারে কোনো পরিবর্তন হয় না। যদি আপনি প্রয়োজনীয় সময়সীমার মধ্যে নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত দেখভাল না পেতে পারেন এবং আপনার বীমাকারী নেটওয়ার্ক-বহির্ভূত রেফারেল অনুমোদন করেন, তাহলে আপনার কোপেমেন্ট, সহ-বীমা এবং নেটওয়ার্ক-বহির্ভূত স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে দেখা করার জন্য ছাড়যোগ্য পরিমাণ একই হবে যদি এর আগে আপনি নেটওয়ার্ক-অন্তর্ভুক্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে দেখা করে থাকেন।

যদি আপনার মনে হয় যে আপনার অধিকার লঙ্ঘিত হয়েছে: একটি অভিযোগ দায়ের করুন

যদি আপনার বীমাকারী এই নিয়মগুলি অনুসরণ না করে, তাহলে আপনার বীমাকারীর কাছে একটি আপিল দায়ের করা উচিত এবং স্টেটের নিয়ন্ত্রকদের কাছেও নিম্নলিখিত উপায়ে অভিযোগ দায়ের করা উচিত:

- **যদি আপনি Medicaid, এসেনশিয়াল প্ল্যান, অথবা চাইল্ড হেলথ প্লাস এর আওতায় থাকেন,** তাহলে DOH এর কাছে Medicaid এর জন্য (800) 541-2831 নম্বরে, Medicaid ম্যানেজড কেয়ারের জন্য (800) 206-8125 নম্বরে, চাইল্ড হেলথ প্লাসের জন্য (800) 698-4543 নম্বরে অথবা স্থানীয়ভাবে (518) 473-0566 নম্বরে এবং এসেনশিয়াল প্ল্যানের জন্য (855) 355-5777 নম্বরে একটি অভিযোগ দায়ের করুন। DOH-এর কাছে অভিযোগ দায়ের করার পদ্ধতি সম্পর্কে আরো তথ্য www.health.ny.gov/health_care/managed_care/complaints/ এ অথবা (800) 342-3736 নম্বরে কল করে পাওয়া যাবে।
- **আপনি যদি উপরে তালিকাভুক্ত নয় এমন কোনো স্বাস্থ্য বীমা পরিকল্পনার আওতায় থাকেন,** তাহলে www.dfs.ny.gov/complaint এ অনলাইনে অথবা (800) 342-3736 নম্বরে কল করে DFS-এর কাছে একটি অভিযোগ দায়ের করুন। DFS আপনার অভিযোগ সমাধানের জন্য আপনার বীমাকারীর সাথে কাজ করবে অথবা প্রয়োজনে অন্য কোনো স্টেট এজেন্সির কাছে সুপারিশ করবে।
- **আপনার যদি কোনো প্রশ্ন থাকে, সাহায্যের প্রয়োজন হয় অথবা একটি অভিযোগ বা আপিল দায়ের করতে চান,** তাহলে আপনি নিউ ইয়র্কের স্বাধীন বিহেভিয়রাল হেলথ ওম্বুডসম্যান এর কাছ থেকেও সাহায্য চাইতে পারেন। কমিউনিটি হেলথ অ্যাক্সেস টু অ্যাডিকশন অ্যান্ড মেটাল হেলথকেয়ার প্রজেক্ট (CHAMP) হেল্পলাইনে (888) 614-5400 নম্বরে সোমবার - বুধবার, সকাল 9 টা - সন্ধ্যা 7 টা অথবা বৃহস্পতিবার - শুক্রবার, সকাল 9 টা - বিকেল 4 টা নাগাদ কল করে অথবা ombuds@oasas.ny.gov এ ইমেইল পাঠিয়ে যোগাযোগ করা যেতে পারে।

মানসিক স্বাস্থ্য এবং মাদক পদার্থ ব্যবহারের ফলে হওয়া ব্যাধি কভার করার প্রয়োজনীয় শর্তাবলী এবং নিরাপত্তা সম্পর্কে আরো তথ্যের জন্য,

www.dfs.ny.gov/behavioralhealth এ DFS এর ওয়েবসাইট দেখুন।



Department of
Financial Services

Department
of Health

Office of
Mental Health

Office of Addiction
Services and Supports